সংশোধিত

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

## নিবন্ধন সংক্রান্ত
## জরুরী বিজ্ঞপ্তি

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

স্মারক নং-বিনি/০১/০৬(৪র্থ খন্ড)/২৩২ তারিখ : ০৩/১১/২০২৪

বিষয়: ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে এ বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষককে জানানো যাচ্ছে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে ভর্তি ও অধ্যয়নরত শিক্ষার্থীদের (২০২৫ শিক্ষাবর্ষে ১০ম শ্রেণীতে উত্তীর্ণ শিক্ষার্থীদের) রেজিস্ট্রেশন প্রক্রিয়া নিম্নে বর্ণিত নির্দেশনাবলি অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

## নির্দেশাবলি ঃ

১। জেএসসি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বছরের মধ্যে দেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত জেএসসি বা জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অবশ্যই নবম শ্রেণিতে ভর্তি হবার সুযোগ পাবে। নবম শ্রেণিতে ভর্তিকৃত সকল শিক্ষার্থীর অভিভাবকের মোবাইল নম্বরসহ সকল তথ্য অনলাইনে আপলোড করতে হবে। অনলাইনে আপলোডকৃত তথ্য না থাকলে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন দাবী করা যাবে না।

২। নিবন্ধনের সময় লক্ষ্য রাখতে হবে যে, কোন শিক্ষার্থীর বয়স ১২ বছর পূর্ণ না হলে এবং ১৮ বছরের অধিক হলে নবম শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বনিম্ন ১৪ ও সর্বোচ্চ ২৫ বছর।

৩। জনপ্রতি রেজিস্ট্রেশন ফি : (ক) বিলম্ব ফি ব্যতীত জনপ্রতি ২০৬/- (দুই শত ছয়) টাকা মাত্র
(খ) বিলম্ব ফিসহ জনপ্রতি ২৫৬/- (দুই শত ছাপান্ন) টাকা মাত্র

৪। বিলম্ব ফি জনপ্রতি : ৫০/- (পঞ্চাশ) টাকা মাত্র

৫। রেজিস্ট্রেশন কার্যে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক, শিক্ষার্থীদের গ্রুপ (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) এবং বিষয় সম্পর্কে অবগত করবেন।পরবর্তীতে শিক্ষার্থীরা তাদের অভিভাবকদের সাথে আলাপ করে কোন বিভাগ/গ্রুপ (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) নেবে তা নিশ্চিত হতে হবে। এরপর সংশ্লিষ্ট বিভাগ/গ্রুপে (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) রেজিস্ট্রেশন করার জন্য শিক্ষার্থীরা প্রধান শিক্ষকের বরাবর লিখিতভাবে আবেদন করবে। উক্ত আবেদনে উল্লিখিত গ্রুপ/বিভাগ (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত শিক্ষক সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করবেন।
উল্লেখ্য, শিক্ষার্থীদের ৮ম শ্রেণীর বার্ষিক পরীক্ষার ফলাফল বিবেচনা করে গ্রুপ বিভাজন করা যেতে পারে।

৬। শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি রেজিস্ট্রেশন কমিটি গঠন করতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চূড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত কমিটির সদস্যদের দ্বারা বিদ্যালয়ে রক্ষিত ভর্তি ফরম ও সনদের সাথে মিলিয়ে যথা যথভাবে নিশ্চিত করবেন। নিশ্চিত হবার পর ফাইনাল সাবমিট করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোন অবস্থায় শিক্ষার্থী, বহিরাগত কোন ব্যক্তি বা কোন প্রতিষ্ঠানকে নিযুক্ত করা যাবে না। চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। শিক্ষার্থীর তথ্যে ভুল-ত্রুটির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন।

৭। নিজ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থী ব্যতীত অন্য কোন শিক্ষার্থীকে কোন অবস্থাতেই রেজিস্ট্রেশনভুক্ত করা যাবে না। যদি এর ব্যত্যয় ঘটে তাহলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

৮। **www.rajshahieducationboard.gov.bd** ওয়েব সাইটের অন্যান্য ই-সেবা হতে সোনালী সেবা ক্লিক করলে সোনালী সেবা ফর্ম পাওয়া যাবে। উক্ত ফর্মে **Registration (eSIF)**/ নিবন্ধন ফিস সিলেক্ট করার পর সম্পূর্ণ ফর্মটি পূরণ করে NEXT -এ ক্লিক করতে হবে। NEXT -এ ক্লিক করার পর ব্যাংকে টাকা জমা দানের রশিদ পাওয়া যাবে। সেই রশিদ প্রিন্ট করে প্রিন্ট কপিসহ ব্যাংক-এ টাকা জমা দিতে হবে।
(Any Information For S.S.C Reg. To browse www.rajshahieducationboard.gov.bd/ রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা)

৯। শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ খ্রি: তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৯ম ও ১০ম শ্রেণীতে (২০/-+২০/-)=৪০/- টাকা হারে রেড ক্রিসেন্ট ফি আদায় করে, আদায়কৃত অর্থের ৪০% অর্থাৎ ১৬/- টাকা হারে শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে ও অবশিষ্ট ৬০% অর্থাৎ ২৪/- টাকা হারে শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে (স্বতন্ত্র একাউন্ট খুলে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রাখতে হবে;

## <u>রেজিস্ট্রেশন ফি ও অন্যান্য ফি নিম্নরুপ :</u>

| রেজিঃ ফি | ক্রীড়া ফি | বয়েজ স্কাউট/গার্লস গাইড ফি | বিজ্ঞান ও প্রযুক্তি ফি | রেডক্রিসেন্ট ফি | বিএনসিসি ফি | বিলম্ব ফি | ফি-এর পরিমাণ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | বিলম্ব ফি ব্যতিত | বিলম্ব ফিসহ |
| ১০০/- | ৫০/- | ২৫/- | ১০/- | ১৬/- | ৫/- | ৫০/- | ২০৬/- | ২৫৬/- |

১০। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নামের তালিকা ও সোনালী সেবার টাকার রশিদ জমাদানের তারিখ নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | জেলার নাম | বিলম্ব ফি ব্যতীত সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ | বিলম্ব ফি সহ সোনালী সেবার মাধ্যমে টাকা জমার শেষ তারিখ | সোনালী সেবার মাধ্যমে টাকা জমার রশিদ এবং শিক্ষার্থীদের তালিকা হিসাব আয় শাখায় জমার তারিখ | অনলাইনে নিবন্ধনের তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১. | বগুড়া | ০১/১১/২০২৪ খ্রিঃ হতে ৩০/১১/২০২৪ সকল জেলার জন্য প্রযোজ্য | ০৫/১২/২০২৪ খ্রিঃ সকল জেলার জন্য প্রযোজ্য | ০৮/১২/২০২৪ খ্রিঃ | ০১/১২/২০২৪ খ্রিঃ হতে ২০/১২/২০২৪ খ্রিঃ সকল জেলার জন্য প্রযোজ্য |
| ০২. | জয়পুরহাট | | | ০৯/১২/২০২৪ খ্রিঃ | |
| ০৩. | নওগাঁ | | | ১০/১২/২০২৪ খ্রিঃ | |
| ০৪. | সিরাজগঞ্জ | | | ১১/১২/২০২৪ খ্রিঃ | |
| ০৫. | পাবনা | | | ১২/১২/২০২৪ খ্রিঃ | |
| ০৬. | রাজশাহী | | | ১৫/১২/২০২৪ খ্রিঃ | |
| ০৭. | চাঁপাইনবাবগঞ্জ | | | ১৭/১২/২০২৪ খ্রিঃ | |
| ০৮. | নাটোর | | | ১৮/১২/২০২৪ খ্রিঃ | |

**১১। বোর্ড কর্তৃক সরবরাহকৃত মোবাইল সিম ব্যবহার করে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে**

১২। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক) পর্যায়ে স্বীকৃতি/স্বীকৃতি নবায়ন হালনাগাদ থাকতে হবে। যেসকল শিক্ষা প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/স্বীকৃতি নবায়ন নেই, সে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নির্ধারিত ফি দিয়ে অনলাইনে আবেদন করতে হবে এবং দীর্ঘদিন যাবৎ যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি নবায়ন নেই, সে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রতি ০৩(তিন) বছরকে পূর্ণ ০১ (এক) মেয়াদ ধরে প্রতি মেয়াদে নির্ধারিত ফি সমন্বয় করে সোনালী সেবার বিবিধ খাতে উক্ত অর্থ জমা দিয়ে মূল রশিদের অনুলিপি স্ক্যানিং করে হালনাগাদ স্বীকৃতি নবায়নের আবেদনের সাথে সংযুক্ত করার পর অনলাইনে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**১৩। স্বীকৃতি বিহীন/হালনাগাদ স্বীকৃতি নবায়ন নেই এ ধরণের কোন শিক্ষা প্রতিষ্ঠান অনলাইনে রেজিস্ট্রেশন করলে পরবর্তীতে রেজিস্ট্রেশন/পরীক্ষা সংক্রান্ত বিষয়ে কোন অসুবিধা হলে বোর্ড দায়ী নহে।**

১৪। উপরোক্ত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে বা এ কারণে শিক্ষার্থীর কোনো সমস্যা হলে এর দায়-দায়িত্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

১৫। বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে **'বিশেষ চাহিদা সম্পন্ন কি না'** তা উল্লেখ করতে হবে এবং প্রমাণ স্বরূপ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।

**১৬। প্রত্যেক শিক্ষার্থীর জন্য নিবন্ধন সনদ সংযুক্ত করতে হবে।**

১৭। যেসকল স্কুল, স্কুল ও কলেজ, কলেজ-এর নিম্নমাধ্যমিক/ মাধ্যমিক পর্যায়ে হালনাগাদ পাঠদান/ একাডেমিক স্বীকৃতি/ স্বীকৃতি নবায়নের মেয়াদ নেই সেসকল শিক্ষা প্রতিষ্ঠানকে অতিসত্বর পাঠদান/ একাডেমিক স্বীকৃতি/ স্বীকৃতি নবায়নের মেয়াদ বৃদ্ধির আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মহা. জিয়াউল হক)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান